গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮৬.১৯-৪৮০

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ ব.
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ৫০৩৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৫০৩৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৫০৩৪/২০১৯ মামলার বিবরণ নিয়রূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৫০৩৪/২০১৯ | জনাব মো: তোবারক আলী, সহ-সুপার, মোহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, চরনদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, টিএমইডি, চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জন। | "মোহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, চরণদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম হতে ২০১৫ সালে ৯ জন শিক্ষার্থী জেডিসি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারে নাই। ফরম পূরণের নির্ধারিত তারিখ অতিক্রম হওয়ায় তৎকালীন সভাপতি ও সুপার মহোদয়ের নির্দেশক্রমে শিক্ষার্থীদের ফরমপূরণের টাকা মাদ্রাসার রসিদমূলে গ্রহণ করি এবং উক্ত টাকা মাদ্রাসা অফিসে প্রদান করি। কিন্তু পরীক্ষার কার্যাদি অনলাইনে সম্পন্ন হওয়ায় সুপার কর্তৃক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে গিয়ে যোগযোগ করেও কোন সমাধান করতে পারেনি। উক্ত ৯ জন শিক্ষার্থী পরীক্ষা দিতে না পারায় স্থানীয় অভিভাবকগণ কর্তৃক তাকে (সহ-সুপার-কে) প্রাণনাশের হুমকি দেয়া হয়। ফলে আমি (সহ-সুপার) জীবনের নিরাপত্তা ও মান সম্মানের কথা চিন্তা করে গত ২৭/১০/২০১৫ তারিখ হতে মাদ্রাসায় অনুপস্থিত থাকতে বাধ্য হই মর্মে পিটিশনার কর্তৃক প্রতিষ্ঠানের সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম বরাবর দাখিলকৃত আবেদনে বর্ণনা করা হয়েছে"।<br>পিটিশনার আরো বর্ণনা করেন যে "উক্ত পরিস্থিতে বোয়ালখালী থানায় আমার (সহ-সুপার) বিরুদ্ধে জি.আর মামলা নং-৯১/২০১৬ দায়ের করা হয়। উক্ত মামলায় আমাকে বেকসুর খালাস প্রদান করা হয়। কমিটি কর্তৃক ২ বছর যাবত আমার বেতন-ভাতা বন্ধ করা হয়েছে। বারবার চেষ্টা করেও কমিটির অসহযোগিতার কারণে মাদাসায় যোগদান করতে পারিনি"।<br>বর্ণিতাবস্থায় উক্ত প্রতিষ্ঠানের সহ-সুপার নিয়োগের জন্য ২০/৪/১৯ তারিখে "দৈনিক পূর্বকোণ" পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (বিজ্ঞপ্তির কপি পাওয়া যায়নি)। উক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী নিয়োগ বন্ধ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: তোবারক আলী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫০৩৪/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১২/০৫/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার কর্তৃক ০৭/৫/১৭ তারিখে দাখিলকৃত আবেদনটি (আবেদনের কপি পাওয়া যায়নি) বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ০৯/০৬/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে পিটিশনার কর্তৃক ০৭/৫/১৯ তারিখে দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য রেসপনডেন্ট নং-৯ (চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড)-কে নির্দেশনা প্রদান করা হয়। সে সাথে পিটিশনারের আবেদনটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সহ-সুপার নিয়োগ সংক্রান্ত ২০/৪/১৯ তারিখে প্রকাশিত "দৈনিক পূর্বকোণ" পত্রিকার বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত রাখার নির্দেশনা দিয়ে এক অন্তবর্তীকালীন আদেশ দেয়া হয়েছে।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। উল্লেখ্য যে, পিটিশনার কর্তৃক ০৭/৫/১৭ তারিখে দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য রেসপনডেন্ট নং-৯ (চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড)-কে নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক এ মামলা সংক্রান্ত বিষয়ে আদালতের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫০৩৪/২০১৯ মামালার ১২/০৫/২০১৯ তারিখের আদেশ অনুযায়ী পিটিশনার কর্তৃক দাখিলকৃত ০৭/৫/২০১৭ তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করে সংশ্লিষ্ট আদালতকে অবহিত করার (আইনগত সুযোগ থাকলে) পদক্ষেপ গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থার তথ্য আগামী ৩০/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অফিস কপি/মাস্টার কপি।